

# 💵 আল-আদাবুল মুফরাদ

হাদিস নাম্বারঃ ১১৭৫ সভা-সমাবেশ ও তার রীতিনীতি পরিচ্ছেদঃ ৫৫৩- সোফা জাতীয় গদিতে বসা।

بَابُ الْجُلُوسِ عَلَى السَّرِيرِ

### আরবী

حَدَّثَنَا عَبْدُ اللهِ بْنُ يَزِيدَ، قَالَ: حَدَّثَنَا سُلَيْمَانُ بْنُ الْمُغِيرَةِ، عَنْ حُمَيْدِ بْنِ هِلاَل، عَنْ أَبِي رِفَاعَةَ الْعَدَوِيِّ قَالَ: انْتَهَيْتُ إِلَى النَّبِيِّ صلى الله عليه وسلم وَهُوَ يَخْطُبُ، فَقُلْتُ: يَا رَسُولَ اللهِ، رَجُلُ غَرِيبٌ جَاءَ يَسْأَلُ عَنْ دِينِهِ، لاَ يَدْرِي مَا دِينُهُ، فَأَقْبَلَ إِلَيَّ وَتَرَكَ خُطْبَتَهُ، فَأَتَّى بِكُرْسِيِّ خِلْتُ قَوَائِمَهُ حَدِيدًا، قَالَ حُمَيْدُ: أُرَاهُ خَشَبًا أَسْوَدَ حَسَبُهُ حَدِيدًا، فَقَعَدَ عَلَيْهِ، فَجَعَلَ يُعَلِّمُنِي مِمَّا عَلَّمَهُ اللَّهُ، ثُمَّ أَتَمَّ خُطْبَتَهُ، آخِرَهَا.

#### বাংলা

১১৭৫। আবু রিফাআ আল-আদাবী (রাঃ) বলেন, আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট গিয়ে পৌঁছলাম। তিনি তখন ভাষণ দিচ্ছিলেন। আমি বললাম, ইয়া রাসূলাল্লাহ! একজন মুসাফির এসেছে, সে তার দীন সম্পর্কে কিছু জিজ্ঞাসা করতে চায়। সে জানে না তার দীন কি? তিনি তৎক্ষণাৎ তার ভাষণ স্থগিত রেখে আমার সামনে এলেন। একটি কুরছি (চেয়ার) আনা হলো, আমার ধারণামতে এর পায়াগুলো ছিল লোহার। অধস্তন রাবী হুমাইদ (রহঃ) বলেন, মনে হয় পায়াগুলো ছিল কালো কাঠের এবং তিনি তাকে লোহা ধারণা করেছেন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাতে বসলেন এবং আল্লাহ তাআলা তাকে যা শিখিয়েছেন তা তাকে শিখালেন। অতঃপর তিনি তার অসমাপ্ত ভাষণ সমাপ্ত করলেন। (মুসলিম, নাসাঈ, দূলাবী)

## **English**

Abu Rifa'a al-'Adawi said, "I came to the Messenger of Allah, may Allah bless him and grant him peace, while he was speaking [i.e. on Jumu'a]. I said, 'Messenger, a stranger man has come to ask about his deen. He does not know what his deen is.' He turned to me and stopped speaking. He was brought a chair which I think had iron legs. (Hamid [one of the transmitters] said, 'I think that it was black wood like iron).'] He sat down on it and began



## to teach me what Allah had taught him. Then he finished his speech."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আহসান পাবলিকেশন

<u> হ্র</u> হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন